দৈনিক ইত্তেফাক

তারিখ .. 05 NOV 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ......

# ফুলবাড়িতে প্রাথমিক বিদ্যালয়ে ৭৩টি শিক্ষকের পদ শূন্য

**ফুলবাড়ি (দিনাজপুর) সংবাদদাতা**

ফুলবাড়ি উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে ৭৩টি শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষা কার্যক্রম চরমভাবে ব্যাহত হচ্ছে। ৭৩টি শূন্য পদের মধ্যে ৩৫টি প্রধান শিক্ষক ও ৩৮টি সহকারী শিক্ষকের পদ রয়েছে। উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তর সূত্রে জানা যায়, উপজেলার পৌর এলাকাসহ সাতটি ইউনিয়নে ১০৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৩৫টি বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও ৩৮টি সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন থেকে শূন্য রয়েছে। এতে প্রশাসনিক কার্যক্রমসহ শিক্ষাদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। শূন্য থাকা বিদ্যালয়গুলোতে অন্য শিক্ষকদের দিয়ে পাঠদান করা হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোসাম্মৎ হাছিনা ভূঁইয়া বলেন, শিক্ষকদের পদ শূন্য থাকায় কিছুটা হলেও বিদ্যালয়ের প্রশাসনিক ও পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। তবে শূন্য পদে বিদ্যালয়ের সহকারী শিক্ষকদেরকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব দিয়ে কাজ চালিয়ে নিতে হচ্ছে। একইভাবে সহকারী শিক্ষকদের দিয়ে বাড়তি ক্লাস নিয়ে ক্লাসের শূন্যতা পূরণ করা হচ্ছে। তবে চাহিদা পাঠানো হয়েছে, দ্রুতই শূন্য পদগুলো পূরণ হয়ে যাবে।